

QP Code: 23/PT/1/VIII

স্নাতকোত্তর পাঠক্রম (P.G.)

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা (Term End Examination) : জুন, ২০২৩ / ডিসেম্বর, ২০২৩

বাংলা (Bengali)

অষ্টম পত্র (8th Paper)

**SWANIRVAR ANUSHILON (GABESANA PADDHATI,
ANUBAD O SAHITYAMULYA BICHAR)**

সময় : চার ঘণ্টা

পূর্ণমান : ১০০

Time : 4 hours

Full Marks : 100

(মানের গুরুত্ব : ৮০%)

(Weightage of Marks : 80%)

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

Special credit will be given for precise and correct answer. Marks will be deducted for spelling mistakes, untidiness and illegible handwriting. The figures in the margin indicate full marks.

১। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দিন (অনধিক ৪৫০ শব্দে) : ১৮ × ২ = ৩৬

ক) 'Research is essentially an investigation, a recording and an analysis of evidence for the purpose of getting knowledge.' বাংলা গবেষণার ক্ষেত্রে উপরি-উক্ত সত্যটির যথার্থ বিশ্লেষণ করুন।

খ) যেকোনো একটি বাংলা কবিতা এবং সেটির ইংরেজি অনুবাদের পারস্পরিক তুলনা করুন।

গ) আধুনিক ভারতীয় সাহিত্যপাঠের ক্ষেত্রে অনুবাদের প্রয়োজনীয়তা বিষয়ে একটি নাতিদীর্ঘ নিবন্ধ রচনা করুন।

ঘ) গবেষণার ক্ষেত্রে মুখ্য ও গৌণ উৎস সন্ধানে একজন গবেষক কোন্ কোন্ অসুবিধার সম্মুখীন হতে পারেন, তা আলোচনা করুন।

TE/PG(TH)20199

[Turn over

২। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দিন (অনধিক ৩০০ শব্দে) :

১২ × ৩ = ৩৬

ক) অনুবাদ করুন :

অ) ইংরেজি থেকে বাংলা :

৬

Irony just rolled over and died. Exactly a year back, an independent study on love and relationships and heart-break revealed that one in every two young Indians prefer to live in, before getting married. That it is important to understand their partner better before they commit to a relationship. More than 37 per cent of the respondents believed it is okay to live under the same roof even after they break up, and 34 per cent were confident that their parents would be okay with their decisions.

আ) বাংলা থেকে ইংরেজি :

৬

একদিন এক জ্যোতিষীর কাছে হাত দেখাল গদাই । জ্যোতিষী আঙুলের ডগাগুলো বারংবার ঘষে জিজ্ঞেস করলেন, ‘আপনি লটারীর টিকিট কেনেন ?’ গদাই জবাব দিল, ‘হ্যাঁ কিনি ।’ জ্যোতিষী আশ্বাস দিলেন, ‘কিনে যাবেন । আপনার অর্থপ্রাপ্তি যোগ আছে ।’ গদাই শুধোল, ‘অনেক দিন ধরেই তো কিনছি । আর কতদিন কিনব ?’ জ্যোতিষী হেসে জানালেন, ‘আর বেশী দিন নয়, শিগগিরই টাকা পাবেন ।’

খ) দুঃপ্রাপ্য গ্রন্থ, সংকলন গ্রন্থ, কোষগ্রন্থ এবং বিষয়-অভিধানের ক্ষেত্রে টীকা ও গ্রন্থপঞ্জি কীভাবে লিপিবদ্ধ করবেন, তা একটি করে উদাহরণে পরিস্ফুট করুন । ৪ × ৩ = ১২

গ) ‘বনলতা সেন’ কবিতাটি ইংরেজি অনুবাদের ক্ষেত্রে স্বয়ং কবি কীভাবে পাঠককে মূল কবিতার রসাস্বাদন থেকে বঞ্চিত করেছেন, আলোচনা করুন ।

ঘ) যেকোনো বাংলা গবেষণাকর্মের নামপত্রের একটি আদর্শ নমুনা রচনা করুন ।

ঙ) Transcreation কী ? Translation কীভাবে transcreation হয়ে ওঠে, তা একটি উদাহরণযোগে বুঝিয়ে দিন ।

চ) ‘Song Offerings’-এর ক্ষেত্রে অনুবাদক রবীন্দ্রনাথের ভূমিকা আলোচনা করুন ।

৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দিন (অনধিক ১৫০ শব্দে) : ৭ × ৪ = ২৮

- ক) টীকা লিখুন : Transliteration
- খ) গবেষণাকর্মের ক্ষেত্রে প্রশ্নমালা রচনার সীমাবদ্ধতাগুলি আলোচনা করুন ।
- গ) আদর্শ গবেষণাপত্রের লিখনশৈলী কেমন হওয়া উচিত, সেই বিষয়ে আলোকপাত করুন ।
- ঘ) গবেষণার ক্ষেত্রে সংগৃহীত তথ্য সুবিন্যাসের ক্ষেত্রে একজন আদর্শ গবেষকের কৃত্য সম্পর্কে আলোচনা করুন ।
- ঙ) বিদেশী রচনার বঙ্গানুবাদের ক্ষেত্রে জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুরের ভূমিকা আলোচনা করুন ।
- চ) গবেষণা ক্ষেত্রে কোনো বিশিষ্ট ব্যক্তির সাক্ষাৎকার গ্রহণের সময় একজন আদর্শ গবেষক কোন্ কোন্ বিষয়গুলির ওপর গুরুত্ব আরোপ করবেন ?
- ছ) বিদেশী গ্রন্থানুবাদের ক্ষেত্রে মিশনারীদের ভূমিকা আলোচনা করুন ।
- জ) অনুবাদের ক্ষেত্রে একজন অনুবাদককে কোন্ কোন্ সমস্যার সম্মুখীন হতে হয়, আলোচনা করুন ।

